রেজিস্টার্ড এ/ডি সহযোগে

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
তদন্ত ও শৃঙ্খলা শাখা
www.rthd.gov.bd

নং-৩৫.০০.০০০০.০২৮.২৭.০০১.২৩- ৯৭৬

তারিখ : ০৩ জ্যৈষ্ঠ ১৪৩০
২৬ মে ২০২৩

**প্রজ্ঞাপন**

যেহেতু, জনাব মোঃ তোফায়েল মিয়া (পরিচিতি নং-৬০১৯৯৬), নির্বাহী প্রকৌশলী (সওজ), প্রধান প্রকৌশলীর দপ্তর সংলগ্ন ছুটি, প্রশিক্ষণ ও প্রেষণজনিত সংরক্ষিত (সিভিল) পদ, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা এর আবেদনের প্রেক্ষিতে তার অনুকূলে অস্ট্রেলিয়া সরকারের Research Training Program Scholarship (RTPS) এর আওতায় অস্ট্রেলিয়ার Queensland University of Technology (QUT) তে Transportation Engineering এ পিএইচডি কোর্সে অংশ গ্রহণের জন্য ১৫-১০-২০১৮ হতে ১৩-১০-২০২১ পর্যন্ত প্রেষণ মঞ্জুর করা হয় এবং পরবর্তীতে ১৪-১০-২০২১ হতে ১৩-১০-২০২২ পর্যন্ত আরও এক বছর বর্ধিত করা হয়;

এবং

যেহেতু, তার প্রেষণের মেয়াদ গত ১৩-১০-২০২২ তারিখ সমাপ্ত হয়েছে এবং তিনি গত ১৪-১০-২০২২ তারিখ হতে ০৩ মাস ০৩ দিন বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থেকে গত ১৮-০১-২০২৩ তারিখে কর্মস্থলে যোগদান করেন;

এবং

যেহেতু, এ বিভাগের সওজ গেজেটেড ও সংস্থাপন শাখার গত ২০-১১-২০২২ তারিখের ৩৫..০২২.০২৫.০০.০০. ০২০.২০০৯-৬৮৪ সংখ্যক স্মারকে প্রেষণ মেয়াদ শেষে অস্ট্রেলিয়া হতে দেশে প্রত্যাবর্তন করে কর্মস্থলে যোগদান করার জন্য তাকে নির্দেশ প্রদান করা হলেও তিনি নির্ধারিত সময়ের মধ্যে যোগদান করেননি বা কোনো জবাব দাখিল করেননি;

এবং

যেহেতু, তিনি উর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিত না করে প্রেষণের মেয়াদ শেষ হওয়া সত্ত্বেও কর্মস্থলে যোগদান না করে ১৪-১০-২০২২ তারিখ থেকে বিনা অনুমতিতে অনুপস্থিত রয়েছেন বিধায় সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ১২(১) অনুযায়ী গত ০৩-০১-২০২৩ তারিখে তাকে চাকরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা হয়;

এবং

যেহেতু, তিনি ১৪-১০-২০২২ তারিখ থেকে গত ১৮-০১-২০২৩ তারিখ পর্যন্ত ০৩ মাস ০৩ দিন বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থেকে কর্তব্য কাজে অবহেলা, উদাসীনতা ও উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশ প্রতিপালনে শৈথিল্য প্রদর্শন করেছেন বিধায় সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ২(খ) ও ২(চ) অনুযায়ী 'অসদাচরণ' এর দায়ে তার বিরুদ্ধে বিভাগীয় মামলা নম্বর ০১/২০২৩ রুজু করা হয়।

এবং

যেহেতু, উক্তরুপ কার্যকলাপের জন্য কেন তাকে একই বিধিমালার ৪(৩)(ঘ) মোতাবেক চাকরি হতে বরখাস্ত করা হবে না বা অন্য কোনো উপযুক্ত শাস্তি প্রদান করা হবে না তা অভিযোগনামা প্রাপ্তির ১০(দশ) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে জানানোর জন্য নির্দেশ প্রদান করা হয়। তিনি ব্যক্তিগত শুনানির মাধ্যমে কোনো কিছু জ্ঞাত করাতে চান কি-না অথবা তার বক্তব্যের সমর্থনে কোনো সাক্ষ্য প্রমাণ উপস্থাপন করতে চান কি-না তা লিখিতভাবে জানানোর জন্যও নির্দেশ প্রদান করা হয়;

এবং

যেহেতু, জনাব মোঃ তোফায়েল মিয়া গত ১৩-০২-২০২৩ তারিখে তার বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলার জবাব পেশ করেন এবং গত ১৫-০৫-২০২৩ তারিখে ব্যক্তিগত শুনানী অনুষ্ঠিত হয়। শুনানীকালে প্রদত্ত আদেশ মোতাবেক তিনি গত ১৬-০৫-২০২৩ তারিখে বক্তব্যের সমর্থনে প্রমাণাদি দাখিল করেছেন;

এবং

যেহেতু, ব্যক্তিগত শুনানীতে তিনি যথাসময়ে ছুটির আবেদন প্রেরণ করেছেন বলে উল্লেখ করেছেন এবং মন্ত্রণালয়ের সিদ্ধান্ত যথাসময়ে তিনি অবহিত ছিলেন না। তাছাড়া উক্ত সময়ে তিনি কোভিড-১৯ এ আক্রান্ত হন যার সমর্থনে পি.সি.আর পরীক্ষার প্রমাণপত্র দাখিল করেছেন। পরবর্তীতে বিমানের টিকেট না পাওয়ার কারণে যথাসময়ে তিনি দেশে প্রত্যাবর্তন করতে পারেননি। সার্বিক পর্যালোচনায় জনাব মোঃ তোফায়েল মিয়ার ইচ্ছাকৃত কোন ত্রুটি পরিলক্ষিত হয় নাই। তাই তার সাময়িক বরখাস্ত আদেশ প্রত্যাহার করা হয় এবং তার বিরুদ্ধে আনীত অসদাচরণ এর অভিযোগের দায় থেকে তাকে অব্যাহতি দেয়া হলো;

এবং

সেহেতু, এক্ষণে জনাব মোঃ তোফায়েল মিয়া, নির্বাহী প্রকৌশলী (সওজ), প্রধান প্রকৌশলীর দপ্তর সংলগ্ন ছুটি, প্রশিক্ষণ ও প্রেষণজনিত সংরক্ষিত (সিভিল) পদ, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা এর লিখিত জবাব, ব্যক্তিগত শুনানীতে প্রদত্ত বক্তব্য এবং বক্তব্যের সমর্থনে দাখিলকৃত প্রমানাদি পর্যালোচনায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধিমতে 'অসদাচরণ' (Misconduct) এর অভিযোগে রুজুকৃত বিভাগীয় মামলার (নম্বর ০১/২০২৩) দায় হতে তাকে অব্যাহতি প্রদান করা হলো। তবে তার অনুমোদিত ছুটির অতিরিক্ত সময় অর্জিত ছুটি হিসেবে গন্য হবে এবং তাকে যথাযথ নিয়মে অর্জিত ছুটির আবেদন করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

সিনিয়র সিস্টেম এনালিস্ট
সিস্টেম এনালিস্ট/ সিনিয়র প্রোগ্রামার
প্রোগ্রামার
মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার
সহঃমেঃ ই-১/ সহঃমেঃই-২
নথি
ডাইরি নং....(৩০)
তারিখ....২৮/০৫/২৩ স্বাক্ষর

রাষ্ট্রপতির আদেশক্রমে

২৬.৫.২০২৩

(এ বি এম আমিন উল্লাহ নুরী)
সচিব

D:\BY NAME\Tofayel Mia (Xen)\Ovijognama & biboroni.docx-16

নং-৩৫.০০.০০০০.০২৮.২৭.০০১.২৩- ১৭৬ তারিখ : ০৯ জ্যৈষ্ঠ ১৪৩০ / ২৩ মে ২০২৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

০১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা
০৩. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৪. সচিব, জন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা
০৫. সচিব দুর্নীতি দমন কমিশন, সেগুনবাগিচা ঢাকা
০৬. প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটির সংক্ষিপ্ত সার তাঁর PDS-এ অন্তর্ভুক্ত করার অনুরোধসহ)
০৭. অতিরিক্ত সচিব/ অতিরিক্ত সচিব (প্রশাসন), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
০৮. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
০৯. উপসচিব (সওজ সংস্থাপন-১ শাখা), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (প্রজ্ঞাপনটি তাঁর ব্যক্তিগত নথিতে সংরক্ষণের অনুরোধসহ)
১০. সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
১১. উপপরিচালক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেটে প্রকাশ এবং প্রকাশিত গেজেটের ৫ (পাঁচ) কপি নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণের জন্য অনুরোধ করা হলো)
১২. সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (প্রজ্ঞাপনটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
১৩. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা
১৪. জনাব জনাব মোঃ তোফায়েল মিয়া,নির্বাহী প্রকৌশলী (সওজ), প্রধান প্রকৌশলীর দপ্তর সংলগ্ন ছুটি, প্রশিক্ষণ ও প্রেষণজনিত সংরক্ষিত (সিভিল) পদ, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা

২৩/০৫/২০২৩

(মোঃ দেলোয়ার হোসেন)
সহকারী সচিব
ফোন: ৯৫৬০৯৬৬
ই-মেইল: invsection@rthd.gov.bd